যুগান্তর

তারিখ ............
পৃষ্ঠা ১০ ...কলাম... ৩......
MAR. 19 2002

# কুমিল্লা শিক্ষা বোর্ডে দুটি গুরুত্বপূর্ণ পদ শূন্য

কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকের দুটি গুরুত্বপূর্ণ পদ শূন্য থাকায় ১৪ মার্চ থেকে শুরু এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণে অনিশ্চয়তা এবং বিভিন্ন জরুরি সিদ্ধান্ত ফাইলবন্দি অবস্থায় পড়ে থাকায় কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে হতাশা দেখা দিয়েছে। রোববার পর্যন্ত তারা ফেব্রুয়ারি মাসের বেতনভাতাদি পাননি বলে জানা যায়।

গত বছরের ২৪ অক্টোবর বোর্ডের তৎকালীন চেয়ারম্যান ড. অরুণ কুমার ভট্টাচার্য পাবনা এডওয়ার্ড কলেজে বদলি হওয়ার পর থেকে এ পর্যন্ত এ পদে কোন লোক নিয়োগ দেয়া হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর (মেজর) আবদুল হাফিজ চেয়ারম্যানের দায়িত্ব পালন করে আসছিলেন। গত ২৬ ফেব্রুয়ারি তিনি ঢাকার ইডেন কলেজে বদলি হয়ে গেলে বোর্ডের সচিব ড. সফিউল্লাহকে চেয়ারম্যানের এবং উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মজিবুর রহমানকে পরীক্ষা নিয়ন্ত্রকের অতিরিক্ত দায়িত্ব দেয়া হয়। একাধিক দায়িত্ব পালন করতে গিয়ে উল্লিখিত ব্যক্তিরা নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনে হিমশিম খাচ্ছেন।